

বেতন ও বয়সসীমা নিয়ে ইবি কর্মকর্তাদের অবস্থান ধর্মঘট

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

সহযোগী অধ্যাপকদের সমান বেতন স্কেল এবং চাকরির বয়সসীমা ৬২ করার দাবিতে কর্মবিরতি ও উপাচার্য কার্যালয়ে অবস্থান ধর্মঘট করেছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা সমিতি। গতকাল সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ১ ঘণ্টা কর্মবিরতি পালন করেছে তারা।

ক্যাম্পাস সূত্রে জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির দাবি উপ-রেজিস্ট্রার/সমমান পদের প্রারম্ভিক বেতন স্কেল ২৫৭৫০-৩৩৭৫০ টাকা যা সহযোগী অধ্যাপকদের সমমান। এছাড়া কর্মকর্তাদের চাকরির বয়সসীমা ৬২ বছর। এ দুই দফা দাবিতে তারা অবস্থান ধর্মঘট ও কর্মবিরতি পালন করেছে। এ সময় কর্মকর্তা সমিতির সভাপতি মোহাম্মদ সোহেল, সাধারণ সম্পাদক আহসানুল হক (হাসান), সহ-সভাপতি আলমগীর হোসেন খান, প্রচার সম্পাদক আসাদুজ্জামান মাখনসহ অর্ধশতাধিক কর্মকর্তা উপস্থিত ছিলেন। কর্মবিরতি ও অবস্থান ধর্মঘটে সংশ্লিষ্ট সমাবেশে কর্মকর্তা সমিতির সভাপতি মোহাম্মদ সোহেল বলেন, 'দাবি আদায় না হলে আগামী ২৭ ফেব্রুয়ারি ১ ঘণ্টা, ২৮ ফেব্রুয়ারি ২ ঘণ্টা, ২৯ ফেব্রুয়ারি ৩ ঘণ্টা, ১ মার্চ পূর্ণ দিবস কর্মবিরতি পালন করা হবে।